# U.G. 6th Semester Examination - 2021

## BENGALI

**Course Code: BBNGDSHT6**

**Course Title: বাংলা সাহিত্যে প্রাচ্য ও পাশ্চাত্য প্রভাব**

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) মধুসূদনের 'বীরাঙ্গনা' কাব্যে কোন্ পাশ্চাত্য কবির প্রভাব আছে?

খ) বঙ্কিমচন্দ্রের 'রজনী' উপন্যাসের ক্ষেত্রে কোন্ ইংরেজি উপন্যাসের প্রভাব আছে বলে মনে করা হয়?

গ) 'আমি যদি জন্ম নিতেম কালিদাসের কালে' — কার লেখা কোন্ কবিতা থেকে উদ্ধৃত?

ঘ) W.B. Yeats-এর দ্বারা প্রভাবিত বাংলা সাহিত্যের একজন আধুনিক কবির নাম লেখো।

ঙ) বঙ্কিমচন্দ্রের 'দুর্গেশনন্দিনী' উপন্যাসের সঙ্গে স্যার ওয়াল্টার স্কটের কোন্ উপন্যাসের কিছু সাদৃশ্য লক্ষ করা যায়?

চ) শেক্সপিয়রের বিখ্যাত ট্র্যাজেডিগুলি কয় অঙ্ক বিশিষ্ট?

ছ) কালিদাসের কাব্যের ভাবসৌন্দর্য স্পষ্টভাবে উপলব্ধি করা যায় এরকম দুটি রবীন্দ্রকাব্যের নাম লেখো।

[পরের পাতায়]

জ) 'My writings are three-fourths Greek'-এ রকম উক্তি কোন্ বাঙালি কবির পক্ষে করা সম্ভব বলে মনে হয়?

ঝ) 'চারুমুখ চিত্তহরা' কোন্ নাটকের বাংলা অনুবাদ? অনুবাদক কে?

ঞ) 'গিরিশ মানস' গ্রন্থটি কার লেখা?

ট) মধুসূদন দত্তের 'অমিত্রাক্ষর ছন্দের' উদ্ভাবনে কোন্ পাশ্চাত্য কবির কোন্ ছন্দের প্রভাব আছে?

ঠ) মধুসূদনের কাব্যচেতনা নির্মাণে প্রভাব বিস্তার করেছেন এমন দুজন পাশ্চাত্য ক্লাসিক কবির নাম লেখো।

ড) 'মৃত্যুর আগে' কবিতাটি কার লেখা?

ঢ) দ্বিজেন্দ্রলালের 'সাজাহান' নাটকের সঙ্গে শেক্সপিয়রের কোন্ নাটকের ভাবনাগত নৈকট্য আছে?

ণ) শেক্সপিয়রের নাট্যাদর্শের প্রভাব আছে এমন একটি রবীন্দ্রনাটকের নাম লেখো।

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) রবীন্দ্রনাথের 'প্রাচীন সাহিত্য' গ্রন্থ থেকে কবি কালিদাসের কাব্যপ্রতিভা বিষয়ক দুটি প্রবন্ধের নাম লেখো।

খ) মধুসূদনের 'কৃষ্ণকুমারী' নাটকে কোন্ গ্রিক নাটকের সঙ্গে কিছু সাদৃশ্য লক্ষ করা যায়?

গ) স্কট ও বঙ্কিমচন্দ্রের উপন্যাসের সাদৃশ্য দুটি বাক্যে লেখো।

ঘ) 'মেঘনাদ বধ কাব্য' নির্মাণে মধুসূদন কোন্ গ্রিক কবির কোন্ কাব্যের নিকট ঋণী?

ঙ) 'নলিনী বসন্ত' কার লেখা? এটি কোন্ নাটকের বাংলা অনুবাদ?

চ) ‘কীর্তি বিলাস’ নাটকটি কার লেখা? নাটকটি কেন গুরুত্বপূর্ণ?

ছ) জীবনানন্দ দাশের ‘আমি যদি হতাম’ কবিতার সঙ্গে ইয়েটস-এর কোন্ কবিতার কিছু সাদৃশ্য দেখা যায়?

জ) রবীন্দ্রনাথের ‘ক্ষণিকা’ কাব্যগ্রন্থের দুটি কবিতার নাম লেখো যেখানে কালিদাসের কাব্যসৌন্দর্যের প্রতি কবির অনুরাগ ফুটে উঠেছে।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) ইউরোপীয় রোমান্স জাতীয় উপন্যাস বঙ্কিমচন্দ্রের উপন্যাসে কতখানি প্রভাব ফেলেছে তা আলোচনা করো।

খ) সনেট রচনায় মধুসূদন শেক্সপিয়র ও পেত্রার্কের দ্বারা কতখানি প্রভাবিত ছিলেন লেখো।

গ) জীবনানন্দের কবি চেতনায় পাশ্চাত্য প্রভাব কতদূর শিল্পসম্মত হয়ে উঠেছে সংক্ষেপে লেখো।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) বাংলা নাটকে শেক্সপিয়রের প্রভাব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

খ) রবীন্দ্রনাথের কবিচেতনায় কালিদাসের প্রভাব সম্পর্কে আলোচনা করো।

গ) মধুসূদন ছিলেন পাশ্চাত্য ক্লাসিক সাহিত্যের ভক্ত পাঠক। এই পাঠ তাঁর কাব্যসাহিত্যে কী প্রভাব নিয়ে এসেছে লেখো।